একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাল্লা, সুনামগঞ্জ
www.shalla.sunamganj.gov.bd

সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে শাল্লা উপজেলাধীন ২০ (কুড়ি) একর পর্যন্ত বিভিন্ন জলমহালসমূহ ১৪২৯-১৪৩১ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের বিজ্ঞপ্তি :

বিজ্ঞপ্তি নম্বর-১/১৪২৯ বাংলা

"সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" অনুযায়ী উপজেলা প্রশাসনের ব্যবস্থাধীন (২০.০০ একর পর্যন্ত) ইজারাযোগ্য জলমহাল ১৪২৯-১৪৩১ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রনালয়, সায়রাত-১ অধিশাখার ১০ ফেব্রুয়ারী ২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-৩২ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলী/শর্তাবলী অনুসরণপূর্বক অনলাইনে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশনপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

**সময়সূচি:**

| অনলাইনে আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| ১০ ফাল্গুন থেকে ১৫ ফাল্গুন ১৪২৮ বাংলা (২৩ ফেব্রুয়ারী হতে ২৮ ফেব্রুয়ারী ২০২২ খ্রি.) | ১৬ ফাল্গুন থেকে ১৮ ফাল্গুন ১৪২৮ বাংলা (০১ মার্চ থেকে ০৩ মার্চ ২০২২ খ্রি.) (অফিস চলাকালীন সময়ে) |

১৪২৯ বাংলা হতে ১৪৩১ বাংলা সনের জন্য ইজারাযোগ্য জলমহালের তফসিল ও ইজারামূল্য

| ক্র: নং | জলমহালের নাম | মৌজা ও জে এল নং | পরিমাণ ( একর) | ৫% বৃদ্ধিতে সরকারী বার্ষিক ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | গাতুয়া বিল | কান্দখলা-৩৯ | ১২.৮৮ | ৩৯,১৬১/- | |
| ২. | গোয়াবিল প্রকাশিত গাংগেরাইল | সুধনখল্লী-৫৪ | ৫.৫০ | ১৫,৯৯৯/- | |
| ৩. | পিয়াইন চান্দিনা গ্রুপ | মির্জাপুর-০১ | ১৪.৮৯ | ২৬,২৯১/- | |
| ৪. | কুমারিয়া বিল | কাশিপুর-১৬ | ১৪.১০ | ২৩,৮৭৭/- | |
| ৫. | চামটী নদী | কাশিপুর-১৬ | ৭.৭৪ | - | |
| ৬. | চামটি নদীর জিয়ারা | খলাপাড়া-২০ | ৭.০০ | ৮১,১৫০/- | |
| ৭. | কালির ডহর | আদিত্যপুর-৪৮ | ৬.০৬ | ৪৯,৮৮৬/- | |
| ৮. | আব্দুল্লাহপুরের ডুইয়া | শাল্লা-৬৪ | ৭.০০ | ৪৯,৭৪৫/- | |
| ৯. | ছোট দিঘা বড় দিঘা | কাশিপুর-১৬ | ১৩.৯৪ | ১৮,৩৫৪/- | |
| ১০. | ঘরের বন্দের বিল | ঘুঙ্গিয়ারগাঁও চক ৪৪ | ২.৯৫ | ১৯,৪৪৮/- | |
| ১১. | বড় ডুইয়া জলমহাল | মুছাপুর-৬৭ | ১৩.৯৮ | ৮,৬১০/- | |
| ১২. | কুড়ি বিল | ভাটগাঁও-৫৬ | ১০.৮০ | ১৪,২৯৫/- | |
| ১৩. | কাজুয়া ও কুড় | ইসলামপুর-৫০<br>শ্রীহাইল-৬০ | ৮.৪৬ | ১২,৭৩১/- | |
| ১৪. | ব্রাহ্মনগাঁও লোপকাটিং | ব্রাহ্মনগাঁও-২২ | ৬.৪৬ | ৬,৭৬৮/- | |
| ১৫. | বড় বন্দের বিল | রুপসা-৫৩ | ১১.০৫ | - | |
| ১৬. | শাপড়া বিল মাইজপাইকার ডুবি, লেংটিয়ার ডুবি | সুধন খল্লী-৫৪ | ৩.৫৩ | ৫,৪৭৬/- | |
| ১৭. | রুপসা বড় বন্দের বিল | রুপসা-৫৩ | ১১.০৫ | ৯০৬২/- | |
| ১৮. | চেংগের খাড়া ও ডুবি | চব্বিশা-৫৭ | ৫.৮৩ | - | |
| ১৯. | দিঘা বিল | হরিপুর-৪৬ | ৩.৩৪ | ১২৭৭/- | |

| ক্র: নং | জলমহালের নাম | মৌজা ও জে এল নং | পরিমাণ ( একর) | ৫% বৃদ্ধিতে সরকারী বার্ষিক ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২০. | নুতন ডোবা পুটকা খালের কূড় | পুটকা-১৯ | ৩.১০ | - | |
| ২১. | চারকোনিয়া বিল | পুড়ার পাড়-৩৩ | ১৪.৮৯ | - | |
| ২২. | গোদী বিল | শ্রীহাইল-৬০ | ৮.১৬ | - | |
| ২৩. | লামাপাড়া বিল | পোড়ারপাড়-৩৩ | ১৩.২২ | ১,৪৫৮/- | |
| ২৪. | খালিশা বিল | ডুমড়া-৪২ | ৩.১৩ | ১,৪৩৩/- | |
| ২৫. | গুড়া বিল | নারায়নপুর-৩২ | ১৮.৯৭ | - | |
| ২৬. | পাগলা বিল | মমিনপুর-৬১ | ৫.৮৩ | - | |
| ২৭. | কুড়ি বিল | হবিবপুর-১৭ | ৯.০০ | - | |
| ২৮. | কেচু বিল | কাশিপুর/১৬ | ১২.২৫ | ৫২৫০/- | |
| ২৯. | চরখাই বরজাই | কাশীপুর/১৬ | ১০.০৫ | ৬,৩৮২/- | |
| ৩০. | নাপতার কুড় | কান্দখলা/৩৯<br>পোড়ারপাড়/৩৩<br>ইয়ারাবাদ/৩৮ | ৬.৭৩ | ৯৪,৪৪৫/- | |

মো:আবু তালেব
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা,সুনামগঞ্জ
ইমেইল-shalla.uno@gmail.com

**শর্তাবলী**

১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রনালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিষ্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

২। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

০৩। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যা কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বিধি মোতাবেক অগ্রাধিকার পাবে। তবে শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না। আরো শর্ত থাকে যে, আবেদনকারী সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন দাখিল করবেন ও বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এধরণের প্রমানের দরকার হবে না।

০৪। নির্দিষ্ট ফরমে অনলাইনে আবেদনপত্র দাখিলের সময় আবেদনের সাথে (নির্দেশিকায় প্রদত্ত তথ্যসমূহ যেমন-মৎস্যজীবী সমবায় সমিতি নিবন্ধন সনদ, অর্থাৎ রেজিষ্ট্রেশনের এর সত্যায়িত কপি, সমিতির সকল সদস্যদের নাম, ঠিকানা ও ছবি, সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্র, প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়নপত্র, সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে জেলা প্রশাসক কর্তৃক প্রত্যয়নপত্র, জামানত বাবদ ব্যাংক ড্রাফট পে-অর্ডার এর কপি, সমিতির গঠনতন্ত্র, সমিতির সভার কার্যবিবরণীসহ চাহিত অন্যান্য তথ্যাদি সংযুক্ত করতে হবে।

০৫। স্থানীয় প্রকৃত মৎসজীবী সংগঠনগুলোর মধ্যে যে জলমহালের নিকটবর্তী/তীরবর্তী সে সকল প্রকৃত মৎসজীবী সংগঠনকে সংশ্লিষ্ট জলমহালের বন্দোবস্ত প্রদান করা হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎসজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী মৎসজীবী সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

০৬। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে। ইজারাদারকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। তবে এই সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে।

০৭। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহিতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবি/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রীয়ভাবে সরকারের উপর ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

০৮। মৎসজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি কোন জঙ্গিবাদের সাথে সম্পৃক্ত থাকলে এবং ইজারামুল্য পরিশোধ খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা চলমান থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

০৯। আবেদনকৃত জলমহালের ইজারামূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১০। জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এর যাবতীয় শর্ত বিবেচনা করে সংশ্লিষ্ট জলমহালের জন্য উপযুক্ত সংগঠন/সমিতির নামে জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ইজারা প্রদান করা হবে।

১১। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

১২। সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথানিয়মে লীজ প্রদান অথবা খাস কালেকশনের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। বন্দোবস্ত গ্রহিতা সংশ্লিষ্ট জলমহালের বছরভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট পেশ করবেন। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/উপজেলা নির্বাহী অফিসার সময়ে সময়ে জলমহালগুলোর ব্যবস্থাপনা সরেজমিনে পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইনগত/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। লীজগ্রহিতা মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করা হয় তা হলে উক্ত লীজ বাতিল করা হবে এবং জমাকৃত লীজ-মানি সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী ০৩ (তিন) বছরের জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৫। ইজারা প্রদত্ত জলমহালগুলো ইজারা চুক্তির কোন শর্ত লঙ্ঘিত হচ্ছে কিনা সে জন্য বিদ্যমান আইনের আওতায় যাচাই বাছাই করে জলমহাল ইজারা চুক্তি ভঙ্গের প্রমাণ পাওয়া গেলে ইজারাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারা মুল্য জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদনপূর্বক জলমহালের দখল বুঝিয়ে দেয়া হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে। এবং জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১৭। বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবনভূমি প্লাবিত হয়ে একক জলাময়ে রূপ নেয় তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতরে সীমাবদ্ধ থাকবে।

১৮। যে সকল জলাশয় সমুহ থেকে (নদী, হাওর, খাল) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। যে সকল বদ্ধ জলমহাল বন্দোবস্ত/ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে। এ ব্যাপারে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৯। ইজারাকৃত জলমহালে কেহ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না। সরকারি জলমহালের পাড়ে সামাজিক বনায়নের মাধ্যমে বনজ সম্পদ বৃদ্ধির ক্ষেত্রে বন্দোবস্ত গ্রহিতা সমিতি চুক্তিবদ্ধ থাকবেন।

২০। সরকারি জলমহাল ইজারা গ্রহিতা সমিতি/সরকারি নিয়ম অনুয়ায়ী ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর নির্ধারিত কোডে জমা প্রদান করবেন।

২১। জলমহাল/খাস পুকুরসমূহ যে অবস্থায় আছে তদাবস্থায় ইজারা প্রদান করা হবে। দরপত্র দাখিলের পূর্বেই জলমহাল সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে শুনে আবেদন পত্র দাখিল করতে হবে। এ ব্যাপারে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

২২। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরনের কোন কার্যক্রম গ্রহণ করা যাবেনা। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না।

২৩। বন্দোবস্ত/ইজারা জলমহাল সেচ দিয়ে শুকিয়ে কোনভাবে মৎস্য আরহণ করা যাবে না।

২৪। ইজারাকৃত কোন জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। বন্দোবস্ত গ্রহিতা সরকারি জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা বা আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না।

২৫। জলমহালের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব হিজল, করচ গাছ বা তদুপ অন্য কোন বৃক্ষ লাগাতে হবে। যা মাছ চাষের নিরাপদ আশ্রয় ভূমি হিসেবে সহায়ক হবে।

২৬। বর্তমানে প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন বন্দোবস্ত গ্রহিতা মানতে বাধ্য থাকবেন।

২৭। জলমহালে মৎস্য সম্পদ পরিচর্যামূলক ক্ষেত্রভিত্তিক গবেষণা ও তথ্য সংগ্রহের উদ্দেশ্যে মৎস্য বিজ্ঞানীদের অবাধ বিচরণ, তথ্য সংগ্রহ ও নিজ খরচায় মৎস্য আহরণ, পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

২৮। স্বত্ব মামলাভুক্ত জলমহাল/খাস পুকুরের ক্ষেত্রে ইজারা প্রদানের বিষয়ে বিধি নিষেধ আরোপিত না থাকলে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

২৯। সর্বাবস্থায় সরকারি 'জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯' অনুসরণ করা হবে এবং এ 'জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯' এর আলোকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে।

৩০। যে সকল জলমহালের উপর বিজ্ঞ আদালতের/উর্ধ্বতন কর্তৃপক্ষের স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ রয়েছে সে সকল জলমহালের জন্য এই বিজ্ঞপ্তি কার্যকর হবে না। তবে উর্ধ্বতন কর্তৃপক্ষের অথবা বিজ্ঞ আদালতের সংশ্লিষ্ট মামলা মোকদ্দমা অথবা স্থিগতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহার সাপেক্ষে/প্রত্যাহার হলে জলমহাল ইজারার ব্যবস্থা গ্রহণ করা যাবে। এ ক্ষেত্রে কোন সমিতি ইচ্ছা করলে আবেদন পত্র দাখিল করতে পারবে এবং স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা প্রত্যাহার সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

৩১। মামলা জনিত কারণে/উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশের কারণে বা অন্য কোন আইনগত কারণে জলমহাল সমূহের সময়মত দখল না পাওয়ার বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না অথবা জলমহাল ভরাট হয়ে গিয়েছে, মাছের মড়ক ইত্যাদি কারণে ক্ষতিপুরণ চেয়ে জলমহাল ইজারার মেয়াদ বৃদ্ধি করার জন্য কোন কর্তৃপক্ষ অন্য কোন আদালতে কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না।

৩২। সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪/০২/২২

মোঃ আবু তালেব
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ইমেইল: shalla.uno@gmail.com

স্মারক নম্বর-০৫.৪৬.৯০১১.০০০.৩৫.০০৮.১৯-৪৭

তারিখ ঃ ০১ ফাল্গুন ১৪২৮ বাংলা / ১৪ ফেব্রুয়ারী ২০২২

অনুলিপি: সদয় অবগতির জন্য-

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২ নির্বাচনী এলাকা, সুনামগঞ্জ
০২। সচিব, ভূমি মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ
০৭। উপজেলা নির্বাহী অফিসার,--------------------- (শাল্লা ব্যতীত সকল), সুনামগঞ্জ
০৮। সহকারী কমিশনার (ভূমি), শাল্লা, সুনামগঞ্জ
০৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শাল্লা, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১০। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১১। উপজেলা -----------------------কর্মকর্তা (সকল) শাল্লা, সুনামগঞ্জ
১২। উপজেলা মৎস্য/সমাজসেবা/সমবায় কর্মকর্তা, শাল্লা, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি সকল মৎস্যজীবী সমবায় সমিতি লি: কে অবহিত করতে অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ------------------(সকল) ইউনিয়ন পরিষদ শাল্লা, সুনামগঞ্জ। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
১৪। সম্পাদক,..........................................................(বিজ্ঞপ্তিটি ০২ (দুই) দিনের মধ্যে সল্প পরিসরে ভিতরের পাতায় শর্তাবলী ব্যতিত একবার প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, ঘুঙ্গিয়ারগাঁও/ দাউদপুর ক্যাম্প অফিস, শাল্লা (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
১৬। নোটিশ বোর্ড

১৪/০২/২২

উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ